

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিলেট।


ফোন: ০৮২১-৭১৬২০১
E-mail: sylhetdeo2008@yahoo.com

স্মারক নং- ৩৭.০২.৯১০০.০০০.০০.০০০.১৯-৪৫১

তারিখ: ০৮/০৮/২০১৯ খ্রি.

বিষয় : নিলাম বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র স্মারক নং ৩৭.০৭.০০০০.১০১.৩২.০০১.১৮-১৪৭৭৪/৫-জিএ, তারিখ: ০৩/০৬/২০১৯ খ্রি. মোতাবেক অত্র কার্যালয়ের পুরাতন জরাজীর্ণ টিনসেড ভবন অপসারণের জন্য নিলামে বিক্রয়পূর্বক সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য আপনার কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।


(অনিল কুমার মজুমদার)
জেলা শিক্ষা অফিসার
সিলেট।

প্রাপক:
জেলা প্রশাসক
সিলেট।

(দৃষ্টি আকর্ষণ:- মহোদয়- জেলা শিক্ষা অফিসার, সিলেট।)




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিলেট।
ফোন: ০৮২১-৭১৬২০১
E-mail: sylhetdeo2008@yahoo.com

নিলাম বিজ্ঞপ্তি


তারিখ: ০৮/০৮/২০১৯ খ্রি.

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ: ০৮/১২/২০১৪ খ্রি. মোতাবেক জেলা শিক্ষা অফিস, সিলেট এর পুরাতন জরাজীর্ণ ০১ (এক) টি টিনশেড ভবন অপসারণ এর বিবরণী নিম্নে দেয়া হলো:

ক্রমিক নং	কাজের নাম ও বিবরণ	কাজের অবস্থান	বায়নার মূল্য (টাকা)	কার্য সম্পাদন সময়সীমা
০১	পুরাতন জরাজীর্ণ টিনশেড ভবন অপসারণ।	জেলা শিক্ষা অফিস, সিলেট।	২৪০০০/-	১০ (দশ) দিন।

শর্তাবলীঃ

- ১। জেলা শিক্ষা অফিস, সিলেট এর ক্যাম্পাসে বর্ণিত ভবনটি যে অবস্থায় আছে ঠিকাদার/ ফার্মের মালিক তা দেখে লেটার হেড প্যাডে নিলাম দর উল্লেখপূর্বক সীলগালা করে দাখিল করতে হবে।
- ২। বায়নার টাকা যে কোন তপসীলভুক্ত ব্যাংক থেকে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফটের মাধ্যমে জেলা শিক্ষা অফিসার, সিলেট বরাবর জমা দিতে হবে। কৃতকার্য ঠিকাদার/ ফার্ম এর দাখিলকৃত দর নিলাম কমিটি কর্তৃক গৃহীত হওয়ার পর ০৩ (তিন) দিনের মধ্যে অনুমোদিত দর/ মূল্য ব্যাংকে ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে জেলা শিক্ষা অফিসার, সিলেট বরাবর জমা দিতে হবে।
- ৩। কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার ১০ (দশ) দিনের মধ্যে ভবনটির যাবতীয় মালামাল অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ৪। বর্ণিত ভবনটি অপসারণের সময় যদি অফিসের কোন স্থাপনা বা কোন জিনিস পত্রের ক্ষতি হয়, তবে ঠিকাদার/ফার্ম তা নিজ খরচে পূরণ করে দিতে বাধ্য থাকবে।
- ৫। সরকারি বিধি মোতাবেক দরপত্রের সঙ্গে দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাটসহ সরকারি কর আলাদাভাবে ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জেলা শিক্ষা অফিসার, সিলেট এর বরাবর জমা দিতে হবে।
- ৬। দরপত্র জমা দেয়ার স্থান: জেলা শিক্ষা অফিসারের কক্ষে রক্ষিত বাস্তবে।
- ৭। দরপত্র জমা দেয়ার শেষ তারিখ: ২১/০৮/২০১৯ খ্রি. বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত।
- ৮। দরপত্র খোলার সময়: ২১/০৮/২০১৯ খ্রি. বেলা ১২:৩০ ঘটিকা (দরপত্র দাতাদের যদি কেউ উপস্থিত থাকেন)।
- ৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।
- ১০। নিলামে কৃতকার্য ঠিকাদার/ফার্ম নিলাম মূল্য সঠিক সময়ে জমা দিতে ব্যর্থ হলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা হবে।


(অনির কবির মজুমদার)
জেলা শিক্ষা অফিসার
সিলেট।